# Times Today BD

মো. তাহসিন হাসান | বরিশাল | 17 July, 2025

কক্সবাজারের চকরিয়ায় বাসায় চুরি করতে গিয়ে পুলিশ কনস্টেবলের স্ত্রীকে ধর্ষণের ঘটনায় জড়িত ধর্ষক মোঃ পারভেজ প্রকাশ আবুল কালাম (৪২) নামে এক ব্যক্তিকে সনাক্ত করে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।চকরিয়া থানার ওসি মো: শফিকুল ইসলাম গ্রেপ্তারের সত্যতা নিশ্চিত করেছেন।বুধবার দিবাগত রাতে চকরিয়া থানা পুলিশ অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করতে সক্ষম হন।

গ্রেপ্তারকৃত ধর্ষক আবুল কালাম চকরিয়া পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের মগবাজার খামার পাড়া এলাকার মৃত মেহের আলী ছেলে।সে বর্তমানে লামা উপজেলার ফাঁসিয়াখালী ইউনিয়নের ইয়াংছা বাজার পাড়া (মেম্বার পাড়া ফজলু মিয়ার বাড়ী) ৮নম্বর ওয়ার্ডে বসবাস করছেন।তার বিরুদ্ধে ডাকাতি, পুলিশ এসল্ট, চুরিসহ একাধিক মামলা রয়েছে।

থানা সূত্রে জানা যায়, গত সোমবার ১৫ (জুলাই) রাত তিনটার দিকে চকরিয়া পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড ভাড়া বাসার নিচতলায় জানালা দিয়ে বাঁশ ঢুকিয়ে দরজার হুক খুলে মুখোশ পড়া এক ব্যক্তি।পরে দরজা দিয়ে বাসায় ঢুকে ছুরির ভয় দেখিয়ে পুলিশ কনস্টেবলের স্ত্রীকে ধর্ষণ করে। ভিকটিমের মোবাইল ও নগদ টাকা নিয়ে পালিয়ে যায় সে।ভাড়া বাসায় পুলিশ কনস্টেবলের স্ত্রী দুই সন্তানকে নিয়ে ভাড়া থাকতেন।তার স্বামী চাকুরির সুবাধে কক্সবাজারে ছিলেন।এ ঘটনায় ভিকটিমের স্বামী পুলিশ কনস্টেবল বাদী হয়ে চকরিয়া থানায় মামলা দায়ের করেন।এরই প্রেক্ষিতে পুলিশ বুধবার দিবাগত রাতে অভিযান চালিয়ে ওই ধর্ষককে সনাক্ত করে তাঁকে গ্রেপ্তার করতে সক্ষম হয়।

চকরিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. শফিকুল ইসলাম বলেন, ধর্ষককে সনাক্ত করে গ্রেপ্তার করা হয়েছে।তার বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।এ বিষয়ে পরবর্তী আইনগত ব্যবস্থা নেয়া হবে।

পুলিশ কক্সবাজার গ্রেপ্তার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:40

URL: https://timestodaybd.com/barishal/6319964926